



স্মারক নং-৩৭.০২.০০০০.১১৬.৯৯.০০৩.১৬/ ২৭৮

তারিখ : ১৬/০৫/২০১৮খ্রি.

বিষয় : ই-নথি সিস্টেম বাস্তবায়ন সংক্রান্ত।

- সূত্র : ১. শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসন শাখার পত্র নং- ৩৭.০০.০০০০.০২৩.৭৪.০০১.১৬-৯৪, তারিখ : ২৬/১১/২০১৭খ্রি.
২. মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং- ০৪.০০.০০০০.৮৩১.৯৭.০০৪.১৫.৬৯, তারিখ : ১২/০৩/২০১৭খ্রি.
৩. শিক্ষা মন্ত্রণালয়ের গবেষণা শাখার পত্র নং- ৩৭.০০.০০০০.১৫৩.১৬.২৫.২০১৬-১২৫, তারিখ : ২৮/১১/২০১৭খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে ই-নথি সিস্টেম চালু করা হয়েছে। ই-নথি সিস্টেম কার্যক্রমে সকল পত্র/প্রতিবেদনের সফটকপি প্রয়োজন হয়। বিভিন্ন অধিদপ্তর হতে বিভিন্ন পত্র/প্রতিবেদনের হার্ডকপি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের ফলে ই-নথি কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। তাই সকল পত্র/প্রতিবেদন (DPP ও অন্যান্য যে সকল কাগজের মূল কপি প্রয়োজন হয় তা ব্যতীত) ই-ফাইলের মাধ্যমে প্রেরণের অনুরোধ করা হয়েছে।

২. সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর ১৫(১)(ক), ১৫(১)(গ) এবং ১৫(৬) নম্বর নির্দেশনাসমূহে সরকারি অফিসসমূহে ই-নথি সিস্টেম প্রবর্তনের সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। অধিকন্তু, মন্ত্রিপরিষদ বিভাগের ০৪ অক্টোবর ২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৮২১.২৯.১১১.১৬.৪৪১ নম্বর স্মারক পত্রের মাধ্যমে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ই-নথি সিস্টেম প্রবর্তনকে সূচক হিসেবে নির্ধারণ করা হয়েছে। অনেক সংস্থা/বিভাগ/দপ্তরের ই-নথি সিস্টেমে বাংলা ইউনিকোড ফন্ট ব্যবহার না করায় বাংলা ফন্ট ভেঙ্গে যাচ্ছে এবং ই-নথি কার্যক্রম ব্যবহারে সমস্যা হচ্ছে। সরকারি অফিসে বাংলা ইউনিকোড ফন্ট ব্যবহারের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে।


৩. ইতোপূর্বে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থায় ই-নথির মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম নিষ্পত্তির জন্য পত্র প্রেরণ করা হয়েছে (স্মারক নং- ৩৭.০২.০০০০.১১৬.৯৯.০০৩.১৬/২০১৭, তারিখ: ০৪/১২/২০১৭)।

৪. এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা কর্তৃক প্রকাশিত পাক্ষিক ও মাসিক প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যাচ্ছে, অত্র অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের কিছু অফিসের (আঞ্চলিক অফিস ও জেলা শিক্ষা অফিস) ই-নথি কার্যক্রম খুব সীমিত পর্যায়ে ও ধীর গতিতে সম্পন্ন হচ্ছে যা সরকারি আদেশ অমান্যের সামিল।

৫. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকায় ই-নথি সিস্টেম চালু করা হয়েছে। এ অধিদপ্তরের আওতাধীন দপ্তর/সংস্থা হতে বিভিন্ন পত্র/প্রতিবেদনের হার্ডকপি (যে সকল কাগজের মূল কপি প্রয়োজন হয় তা ব্যতীত) অত্র অধিদপ্তরে প্রেরণের ফলে ই-নথি কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ই-ফাইলিং কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে অত্র অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের সকল অফিসে (আঞ্চলিক অফিস, জেলা শিক্ষা অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস) ই-নথি সিস্টেম পুরোপুরি বাস্তবায়ন এবং তাদের সকল পত্র/প্রতিবেদন (যে সকল কাগজের মূল কপি প্রয়োজন হয় তা ব্যতীত) ই-নথি সিস্টেমে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।


(প্রফেসর মোহাম্মদ শামছুল হুদা)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয়।
৩. উপ-পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৪. উপ-পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয়।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. সহকারী পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৭. গবেষণা কর্মকর্তা/ শিক্ষা কর্মকর্তা/ মনিটরিং অফিসার/ প্রকিউরমেন্ট কর্মকর্তা (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৮. জেলা শিক্ষা অফিসার (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা।
৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. পিএ টু পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অফিস কপি।